গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
fisheries.natore.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | ২২ মে ২০২৩খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”-তে সংযুক্ত করা হলো। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত (পরিশিষ্ট ক) সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান মৎস্য অধিদপ্তরের ভিশন হলো মৎস্যজাত উৎস হতে প্রাণিজ পুষ্টির চাহিদা পূরণ, দারিদ্র্য বিমোচন ও রপ্তানি আয় বৃদ্ধি করা। সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্য ও চিংড়িসহ অন্যান্য জলজসম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে দেশের পুষ্টি চাহিদা পূরণ ও রপ্তানি আয় বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি তথা বাংলাদেশের আর্থ সামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন করার মিশন নিয়ে মৎস্য অধিদপ্তরের সকল পর্যায় হতে সেবা কার্যক্রম অব্যহত আছে। এই সেবা কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সেবা গ্রহীতাদের নিকট সেবা প্রদান প্রতিশ্রুতি অবহিত করা জরুরি, এতে করে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত হবে। সেবা প্রদান প্রতিশ্রুতির কার্যকরী বাস্তবায়ন স্বচ্ছতা, জবাব দিহিতা এবং দায়বদ্ধতা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। কাজেই সরকার সুশাসন প্রতিষ্ঠায় প্রত্যেক দপ্তরকে স্বচ্ছতার সাথে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করছে। সভায় জেলার মৎস্য দপ্তর, নটোর হতে যেসব সেবা প্রদান করা হয় তন্মধ্যে নিম্নবর্ণিত নাগরিক সেবাসমূহ ও সেবা পাওয়ার পদ্ধতি সবার জ্ঞাতার্থে বিস্তারিত আলোচনা করা হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে উপস্থিত স্টেকহোল্ডারগণের মতামত গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | সেবার নাম | সেবা পাওয়ার পদ্ধতি | যিনি সেবা প্রদান করেন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উন্নত পদ্ধতিতে মাছ ও চিংড়ি চাষ এবং অন্যান্য জলজ সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক লাগসই প্রযুক্তি সম্পর্কিত পরামর্শ প্রদান | ব্যক্তিগত যোগাযোগ, টেলিফোন/ মোবাইল, ই-মেইল, সামাজিক মাধ্যমে এবং মৎস্য চাষ বিষয়ক এ্যাপস | জেলা/ সিনিয়র উপজেল া/ উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ০২ | মৎস্যচাষ বিষয়ক পুস্তক, পুস্তিকা,খামার পরিচালনার জন্য প্রশিক্ষণ সামগ্রি, ম্যানুয়েল, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি বিতরণ | ব্যক্তিগত যোগাযোগ, টেলিফোন/ মোবাইল, ই-মেইল, সামাজিক মাধ্যমে এবং মৎস্য চাষ বিষয়ক এ্যাপস | জেলা/ সিনিয়র উপজেল া/ উপজেলা মৎস্য কর্মকর্তা | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | মৎস্যখাদ্য আইন, ২০১০ ও মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১মোতাবেক লাইসেন্স প্রদান | ফি প্রদান করে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। হাল নাগাদকৃত ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদ,বিএসটিআই হতে পণ্যের মান সম্পর্কিত প্রত্যয়নসহ মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ এ বর্ণিত অন্যান্য সুবিধাদি বিদ্যমান থাকতে হবে। | জেলা/ সিনিয়র উপজেল া/ উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ০৪ | মৎস্য হ্যাচারি আইন' ২০১০ ও মৎস্য হ্যাচারি বিধিমালা' ২০১১বাস্তবায়নে সহায়তা প্রদান | নির্ধারিত ফরমে আবেদন করতে হবে । হালনাগাদ আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, হ্যাচারি পরিচালনার জন্য উপযোগী মানসম্মত স্থাপনা সমূহের বিবরণ সম্বলিত প্রত্যয়ন, নির্ধারিত লাইসেন্স ফি জমা প্রদান সংক্রান্ত চালানের রশিদ, বার্ষিক মৎস্য উৎপাদন পরিকল্পনা ব্রুড উন্নয়ন পরিকল্পনা এবং মৎস্য হ্যাচারি বিধিমালা ২০১১ এ বর্ণিত অন্যান্য সুবিধাদি বিদ্যমান থাকতে হবে। | জেলা/ সিনিয়র উপজেল া/ উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ০৫ | বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছ ও চিংড়ি চাষ, স্বাস্থ্যসম্মত মৎস্যজাত পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, মৎস্য সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনাসহ স্থানীয় চাহিদার আলোকে বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান | জেলা/ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে প্রশিক্ষণের বিষয় উল্লেখ করে যোগাযোগ নম্বর প্রদান করে আবেদনপত্র দাখিল করতে হবে। | জেলা/ সিনিয়র উপজেল া/ উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ০৬ | মৎস্য খামার যান্ত্রিকীকরণ, আধুনিক মৎস্যচাষ উপকরণ প্রাপ্তি ও প্রয়োগ, মৎস্য খামারের নকশা প্রণয়ন, হ্যাচারির নকশা প্রণয়ন ও স্থাপনে সহযোগিতা প্রদান | উৎপাদন ও বিনিয়োগ পরিকল্পনা, আয়তন ইত্যাদি উল্লেখ করে আবেদনপত্রসহ জেলা/ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্ত ার দপ্তরে যোগাযোগ করে এবং ব্যক্তিগ টেলিফোন/মোবাইল ই-মেইল/ ওয়েব পোর্টালে। | জেলা/ সিনিয়র উপজেল া/ উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ০৭ | তথ্য অধিকার আইন অনুযায়ী প্রার্থীত তথ্য প্রদান | ওয়েবসাইট থেকে নির্ধারিত ফর্মে আবেদন করে । | জেলা/ সিনিয়র উপজেল া/ উপজেলা মৎস্য কর্মকর্তা | |

সভায় উপস্থিত স্টেকহোল্ডারগণের সাথে মুক্ত আলোচনা করা হয় এবং উত্থাপিত জিজ্ঞাসার জবাব প্রদান করা হয়। সেবা পাওয়ার জন্য স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান, প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা, প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল মেসেজ/ ই-মেইলে প্রেরিতনির্দেশনা অনুসরণ করা, মৎস্যচাষের পরামর্শ প্রদানকালে পুকুরের আয়তন, গভীরতা ইত্যাদি সম্পর্কে সঠিক তথ্য প্রদান, সাক্ষাতের জন্য ধার্য্যকৃত তারিখে নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা, অনাবশ্যক ফোন/ তদবির না করা এবং শিষ্টাচার বজায় রাখার বিষয়ে আলোকপাত করা হয়।

দপ্তর হতে সেবা না পেলে বা সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে আপীল কর্মকর্তার নিকট অভিযোগ করার বিষয়ে অবহিত করা হয়। অতঃপর সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক দুইটি চিত্রনাট্য প্রদর্শন করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২-০৬-২০২৩
মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
০২৫৮৮৮৭২৫৯০
dfonatore@fisheries.gov.bd

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০২ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.২৬১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
২। উপপরিচালক(ফিল্ড সার্ভিস), ফিল্ড সার্ভিসের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
৩। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর;
৪। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর;
৫। খামার ব্যবস্থাপক (সকল), নাটোর;
৬। মৎস্য সম্প্রসারণ অফিসার (সকল), নাটোর;
৭। সহকারী মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর এবং
৮। জনাব, ........................................................................, ।

০২-০৬-২০২৩
মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বনয়ে অবহিতকরণ সভার হাজিরা ২২.০৫.২০২৩